প্রধানমন্ত্রীর সঙ্গে টিআইবির নির্বাহী পরিচালকের সৌজন্যে বৈঠক



প্রধানমন্ত্রীর সঙ্গে টিআইবির নির্বাহী পরিচালকের সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে এই বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, বৈঠকে দেশের দুর্নীতি দমন ও সুশাসন প্রতিষ্ঠার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। প্রধানমন্ত্রী এ বিষয়ে সরকারের কঠোর অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেন।

সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন ইফতেখারুজ্জামান। তিনি বলেন, সুশাসন ও দুর্নীতিবিরোধী কার্যক্রম আরও কার্যকর করতে তারা সরকারের কাছে কিছু নির্দিষ্ট প্রস্তাব দিয়েছেন। প্রধানমন্ত্রী প্রস্তাবগুলো ইতিবাচকভাবে গ্রহণ করেছেন এবং বাস্তবায়নের আশ্বাস দিয়েছেন বলে তিনি উল্লেখ করেন। বিশেষ করে দুর্নীতি দমন কমিশনের (দুদক) সংস্কার ও কার্যকারিতা বাড়ানোর বিষয়টি গুরুত্ব দিয়ে তুলে ধরা হয়।

তিনি আরও জানান, বৈঠকে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী সম্মেলন ২০২৮ সালে বাংলাদেশে আয়োজনের প্রস্তাবও দেওয়া হয়েছে। প্রতি দুই বছর পরপর এ ধরনের বৈশ্বিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এর আগে এশিয়ার কয়েকটি দেশ এই আয়োজনের সুযোগ পেয়েছে। বাংলাদেশে আয়োজন করা গেলে তা দেশের ভাবমূর্তি আরও শক্তিশালী করবে বলে টিআইবি মনে করে।

ইফতেখারুজ্জামান বলেন, এ বিষয়ে প্রধানমন্ত্রী নীতিগত সম্মতি দিয়েছেন এবং প্রয়োজনীয় প্রশাসনিক অনুমোদন পাওয়া গেলে বাংলাদেশে সম্মেলন আয়োজনের উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি দুর্নীতিবিরোধী কার্যক্রম জোরদার করার বিষয়েও আলোচনা হয়।